# রিও কনভেনশনসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের সফলতা



## রিও প্রকল্পের আওতায় কনভেনশনসমূহঃ

- জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD)
- জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC)
- জাতিসংঘ মরুময়তা রোধ কনভেনশন (UNCCD)

## রিও প্রকল্পের অগ্রাধিকার কর্মক্ষেত্রসমূহঃ

- সক্ষমতা বৃদ্ধি
- জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়
- রিও কনভেনশনের বাধ্যবাধকতাসমূহ স্থানীয়করণ
- রিও কনভেনশনের বাধ্যবাধকতাসমূহ জাতীয় নীতিমালায় অন্তর্ভূক্তিকরণ

- তিনটি রিও কনভেনশন সংক্রান্ত বিষয়গুলো নিয়ে একটি প্রশিক্ষণ মডিউল ও ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রশিক্ষণ মডিউলটি সংশ্লিষ্ট সরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মূলধারায় সম্পৃক্তকরণে মোট ০৬ টি প্রশিক্ষকের প্রশিক্ষণ (Training of Trainers) কোর্স প্রদান করা হয়েছে। এই কোর্সে সর্বমোট ১১০ জন সরকারী কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। মডিউলগুলো ইতোমধ্যেই বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীর নিয়মিত প্রশিক্ষণ কোর্সসমূহে অন্তর্ভুক্ত হয়েছে।
- বাংলাদেশে রিও কনভেনশনসমূহের বাস্তবায়নে সফল ১৪টি গুরুত্বপূর্ণ চর্চা ও উদ্ভাবন সংগ্রহ করে একটি প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
- কনভেনশনসমূহের বাধ্যবাধকতা জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নে সম্পৃক্তকরণের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা, নীতিমালা ইত্যাদি বিশ্লেষণ করে একটি Analytical Framework তৈরি করা হয়েছে।
- কৃষিতে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুময়তা রোধ কনভেনশনের বাধ্যবাধকতাসমূহ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য একটি সূচক ফ্রেমওয়ার্ক (Indicator Framework) প্রস্তুত করা হয়েছে।
- মোট ২০জন সরকারি কর্মকর্তাবৃন্দকে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুময়তা রোধ কনভেনশনের সংশ্লিষ্ট Conference of Parties (COP) এবং Subsidiary Bodies সভাগুলোতে যোগদানে সহায়তা প্রদান করা হয়েছে। সরকারের অবস্থানপত্র (Position Paper) প্রস্তুতিতেও সহায়তা প্রদান করা হয়েছে।
- ২৮ সদস্য বিশিষ্ট কারিগরি বিশেষজ্ঞ দল গঠন ও এর কার্যক্রমে সহায়তা প্রদান করেছে।
- রিও কনভেনশনেসমূহের বাধ্যবাধকতা এবং বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ৬০০ জন সরকারি কর্মকর্তার সচেতনতা বৃদ্ধি করা হয়েছে।
- রিও কনভেনশনেসমূহের বাধ্যবাধকতা এবং বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ১০০ জন গণমাধ্যম প্রতিনিধি ও সাংবাদিকগণকে অবহিত করা হয়েছে।
- রিও কনভেনশনসমূহের উপর সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিবেশ অলিম্পিয়াড (Environmental Olympiad) ২০১৭ আয়োজনে সহায়তা প্রদান যেখানে ১,৫০০ জন তরুণ শিক্ষার্থী অংশগ্রহণ করে।
- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে এসডিজি সংক্রান্ত কর্মপরিকল্পনা (SDG Implementation Plan) প্রস্তুতিতে সহায়তা প্রদান।
- প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল পরিচালনা নির্দেশিকা প্রস্তুতকরনে এবং তহবিল কার্যকর করার লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

# জাতীয় সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশে রিও কনভেনশনসমূহের বাস্তবায়ন

বাংলাদেশ রিও কনভেনশনসমূহ বাস্তবায়নের তৃতীয় দশকে প্রবেশ করেছে। রিও কনভেনশনসমূহ ১৯৯২ সনের ৩-১৪ জুন তারিখে ব্রাজিলের রিও ডি জেনিরো শহরে অনুষ্ঠিত জাতিসংঘ পরিবেশ ও উন্নয়ন সংক্রান্ত সম্মেলনে (United Nations Conference on Environment and Development, UNCED) গৃহীত হয়। এই সম্মেলনকে ধরিত্রী সম্মেলন বা Earth Summit নামেও অভিহিত করা হয়। গত দুই দশকে অনেক সমস্যা সত্ত্বেও ভবিষ্যৎ প্রজন্মকে সবুজ পৃথিবী উপহার দিতে বাংলাদেশ জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD), জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) এবং জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন (UNCCD)-এর লক্ষ্য, উদ্দেশ্য ও বাধ্যবাধকাসমূহ বাস্তবায়ন এবং মূলধারায় সম্পৃক্তকরণের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

রিও কনভেনশনসমূহ স্বাক্ষরিত হওয়ার প্রায় ২৫ বছর পর কনভেনশনসমূহের বাধ্যবাধকতা টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০-এর ১৭টি লক্ষ্যমাত্রায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এই টেকসই উন্নয়ন অভীষ্ট জলবায়ু পরিবর্তন, উন্নয়নে অর্থায়নে, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, প্রকৃতি সংরক্ষণ এবং মানবিক বিপর্যয় রোধকল্পে স্বাক্ষরিত অনেক গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক চুক্তিকে গুরুত্ব প্রদান করেছে। বাংলাদেশ ইতোমধ্যে জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য সংরক্ষণ ও ভূমি অবক্ষয় রোধে তার প্রতিশ্রুতি বাস্তবায়নে উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে। জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) বাস্তবায়নে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। তবে জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD) এবং জাতিসংঘ মরুময়তা রোধ কনভেনশন (UNCCD) বাস্তবায়নে বাংলাদেশকে আরো অনেক কাজ সম্পন্ন করতে হবে।

বাংলাদেশ সমাজ ভিত্তিক অভিযোজন, সমাজ ভিত্তিক উদ্ভাবনী ব্যবস্থাপনা, সমাজ ভিত্তিক প্রতিবেশ সংরক্ষণ, জলবায়ু সহিষ্ণু কৃষি এবং ভূমি অবক্ষয় রোধকল্পে ১০০টিরও বেশি প্রকল্প ও কর্মসূচী গ্রহণ করেছে। রিও কনভেনশনসমূহের বাধ্যবাধকতাসমূহ সাফল্যজনকভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সক্ষমতা মূল্যায়নের জন্য বাংলাদেশ ২০০৭ সনে "National Capacity Self-Assessment" (NCSA) বা 'জাতীয় সক্ষমতা মূল্যায়ন' পরিচালনার পর একটি প্রতিবেদন প্রকাশ করে। সাধারণ ও সকলের জন্য প্রযোজ্য পরিবেশগত গুরুত্বপূর্ণ বিষয় যেমন জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য এবং ভূমি অবক্ষয় সংক্রান্ত বিষয় এই মূল্যায়নে স্থান পায়। 'জাতীয় সক্ষমতা মূল্যায়ন' বা NCSA-এর প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে স্থানীয়, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে সরকারী কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে "National Development for Implementing Rio Conventions through Environmental Governance (Rio Project)" বা রিও কনভেনশনসমুহ বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি প্রকল্প' শীর্ষক প্রকল্প কার্যক্রম শুরু করা হয়েছে।

Global Environment Facility (GEF) ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (UNDP)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে রিও প্রকল্প। এই প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে রিও কনভেনশনসমূহের বাধ্যবাধকতা ও নীতিমালা সংক্রান্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পর্যায়ে রিও কনভেনশনসমূহের যথাযথ বাস্তবায়ন সহজতর করা। এই প্রকল্পের মাধ্যমে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণ রিও কনভেনশন সংক্রান্ত নীতিমালা, কার্যক্রম ও দায়িত্বাবলী অধিকতর দক্ষতার সাথে বাস্তবায়ন করতে সক্ষম হবে।

# রিও প্রকল্পের গুরুত্বপূর্ণ অর্জনসমূহঃ

### প্রশিক্ষণ মডিউল প্রণয়ন

রিও প্রকল্প তিনটি রিও কনভেনশন যথাক্রমে জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন, জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন ও জাতিসংঘ মরুময়তা রোধ কনভেনশন সংক্রান্ত একটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করেছে। এই প্রশিক্ষণ মডিউলের লক্ষ্য হচ্ছে তিনটি রিও কনভেনশনের উদ্দেশ্য, নীতিমালা, বাধ্যবাধকতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কে সরকারী কর্মকর্তাদের সঠিক ধারণা প্রদান করা।

### বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি-তে রিও কনভেনশনের প্রশিক্ষণ মডিউলের অন্তর্ভুক্তি

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী (BCSAA) রিও কনভেনশন সংক্রান্ত প্রশিক্ষণ মডিউলটি ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১ এবং ১১২তম আইন ও প্রশাসন কোর্সে অন্তর্ভুক্ত করেছে।

### প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল পরিচালনা নির্দেশিকা

প্রতিবেশগত সংকটাপন্ন এলাকার পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে এবং এলাকার প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর পরিবেশবান্ধব বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে একটি প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল গঠন করা হয়েছে। রিও প্রকল্পের উদ্যোগে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬-এর 'তহবিল গঠন, ব্যবস্থাপনা ও ব্যবহার' বিষয়ক বিধি ২৩-এর অধীনে পরিবেশ অধিদপ্তরের আওতায় এই তহবিল গঠিত হয়। তহবিল পরিচালনা কার্যকর করার লক্ষ্যে রিও প্রকল্প এই তহবিলে ১২ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করে।

### কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কার্যক্রম-এ রিও কনভেনশনসমূহের অন্তর্ভূক্তি

কৃষিতে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুময়তা রোধ কনভেনশনের প্রতিশ্রুতিসমূহ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য একটি সূচক কাঠামো (Indicator Framework) প্রস্তুত করেছে রিও প্রকল্প। অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত কার্যক্রম এবং প্রকল্পের কর্মসূচির সাথে রিও কনভেনশনসমুহের বাধ্যবাধকতা সমন্বয়ের লক্ষ্যে এই সূচক কাঠামো প্রণয়ন করা হয়েছে। নির্ধারিত সূচকসমুহের মাধ্যমে অধিদপ্তরের কর্মসূচির পরিকল্পনা, বাস্তবায়ন এবং বাস্তবায়নের পর পরিবেশের উপর প্রভাব মূল্যায়ন করা যাবে।

## রিও কনভেনশন সংক্রান্ত প্রশিক্ষকের প্রশিক্ষণ (Training of Trainers)




রিও প্রকল্প ইতোমধ্যেই মধ্যম পর্যায়ের সরকারী কর্মকর্তাদের জন্য জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD), জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) এবং জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন (UNCCD) সংক্রান্ত মোট ০৬টি প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT) কোর্স আয়োজন করেছে। এই প্রশিক্ষণ কার্যক্রমটি যৌথভাবে পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী কর্তৃক পরিচালিত হয়েছে। তিনদিন ব্যাপী এই প্রশিক্ষণটিতে মূলত রিও কনভেনশনসমূহের বাধ্যবাধকতা, বাস্তবায়ন, রিও কনভেনশন প্রণয়নের যৌক্তিকতা, জীববৈচিত্র্যের ক্ষতিসাধন, জলবায়ু পরিবর্তন ও মরুময়তার কারণ, পরিণতি ও প্রতিকার, জাতীয় নীতিমালার সাথে সংশ্লিষ্টতা ও টেকসই উন্নয়ন অভীষ্টের সাথে এর সম্পর্ক প্রভৃতি বিষয়ে আলোকপাত করা হয়েছে। ১০টি মন্ত্রণালয়, ০৬টি অধিদপ্তর এবং ১০টি সরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মোট ১১০ জন কর্মকর্তা এই কোর্সে অংশগ্রহণ করেছেন। সাফল্যজনকভাবে কোর্স সমাপ্তিতে প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হয়েছে।

## জাতিসংঘ জলবায়ু পরিবর্তন কনভেনশনের আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের ফলপ্রসূ অংশগ্রহণ বিষয়ে মতবিনিময় সভা




রিও প্রকল্প এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে জাতিসংঘ জলবায়ু পরিবর্তন কনভেনশন (UNFCCC)-এর আন্তর্জাতিক সম্মেলনে (COP ও অন্যান্য সভায়) বাংলাদেশের অংশগ্রহণ এবং এসকল সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতি ও ভবিষ্যতে করণীয় বিষয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব আবদুলাহ আল মোহসীন চৌধুরী। মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমদ। সভায় উপস্থিত বাংলাদেশ ডেলিগেশনের সদস্যরা অভিজ্ঞতা বিনিময় এবং গঠণমূলক পরামর্শ প্রদানের মাধ্যমে একটি প্রাণবন্ত প্যানেল আলোচনায় অংশগ্রহন করে। মন্ত্রণালয়, অধিদপ্তর, আন্তর্জাতিক ও জাতীয় উন্নয়ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, প্রাইভেট সেক্টর এবং গণমাধ্যম থেকে ৬০ জন প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## বাংলাদেশে রিও কনভেনশন সংক্রান্ত গুরুত্বপূর্ণ চর্চা এবং উদ্ভাবন

বাংলাদেশে বাস্তবায়িত জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন মোকাবেলা, মরুকরণ এবং ভূমি অবক্ষয় রোধ সংক্রান্ত ১৪টি গুরুত্বপূর্ণ চর্চা এবং উদ্ভাবনীমূলক কার্যক্রম চিহ্নিত করে প্রতিবেদন আকারে প্রকাশ করা হয়েছে। এই প্রতিবেদনটি রিও কনভেনশনের বাধ্যবাধকতাসমূহ স্থানীয় পর্যায়ে সম্পৃক্তকরণে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।



## রিও কনভেনশনসমূহের উপর জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় কার্মশালা




জাতীয় পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় রিও কনভেনশনগুলোর বাধ্যবাধকতাসমূহ এবং মূলধারায় সম্পৃক্তকরণ বিষয়ে মোট ১২টি জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় কর্মশালার আয়োজন করা হয়। বিভিন্ন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং পরিবেশ অধিদপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মশালাগুলোতে ৬০০ সরকারি কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এই কর্মশালাগুলো ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার, খুলনা, কুমিল্লা, বগুড়া ও সিলেট জেলায় অনুষ্ঠিত হয়।

## বৈশ্বিক পরিবেশ ও টেকসই উন্নয়নের সমন্বিত রোডম্যাপ

'রিও কনভেনশনের সদস্য রাষ্ট্র' হিসেবে বাংলাদেশকে টেকসই পরিবেশ ব্যবস্থাপনায় জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন, জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন এবং জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন এবং তৎপরবর্তী সংশিষ্ট চুক্তি অনুযায়ী কাজ করতে হয়। এরই ধারাবাহিকতায় টেকসই উন্নয়নে পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা মূলধারায় সম্পৃক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখতে এই রোডম্যাপ প্রস্তুত করা হয়েছে। জাতীয় টেকসই উন্নয়ন সম্পর্কিত কৌশলগত কাঠামো বাস্তবায়নে এই রোডম্যাপ সহায়তা করবে।




# বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি-তে রিও কনভেনশন দিবস উদযাপন




রিও কনভেনশনসমূহকে মূলধারায় সম্পৃক্তকরণের জন্য বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি-র ১০৭, ১০৮, ১০৯তম আইন ও প্রশাসন কোর্সের অংশ হিসেবে রিও প্রকল্প এবং একাডেমি-র যৌথ আয়োজনে দিনব্যাপী রিও কনভেনশন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়। কোর্সে অংশগ্রহণকারি ১১৬ জন সরকারি কর্মকর্তাবৃন্দ এই কর্মশালায় উপস্থিত ছিলেন।




## মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) সংক্রান্ত কর্মপরিকল্পনা

১৭টি অভীষ্ট, ১৬৯টি লক্ষ্যমাত্রা এবং ২৩০টি উন্নয়ন সূচক অর্জনের লক্ষ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট বা Sustainable Development Goals (SDGs) কাজ করছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় SDG সম্পর্কিত ৭টি অভীষ্ট, হবে ২০টি লক্ষ্যমাত্রা ও ২৫টি সূচকের নেতৃত্বদানকারী মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। নির্ধারিত ৭টি অভীষ্ট হচ্ছেঃ ক্ষুধামুক্তি, সুস্বাস্থ্য ও কল্যাণ, নিরাপদ পানি ও স্বাস্থ্যব্যবস্থা, পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন, জলজ জীবন, জলবায়ু কার্যক্রম এবং স্থলজ জীবন। এছাড়াও ১১টি অভীষ্টের ৩৭টি লক্ষ্যমাত্রা ও ৪২টি সূচকভিত্তিক উপাত্ত সরবাহের দায়িত্ব পালন করছে এই মন্ত্রণালয়। বেইজলাইন নির্ধারণের সাথে কর্মপরিকল্পনাটি (Implementation Plan) প্রতিষ্ঠানভিত্তিক SDG অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।




## ০৮টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে অংশীদারিত্ব

রিও কনভেনশনসমূহকে প্রশিক্ষণের মূলধারায় অন্তর্ভূক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে রিও প্রকল্প ৮টি প্রধান সরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব স্থাপন করেছে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ হচ্ছেঃ বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী (BCSAA), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী (NAPD), বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিষ্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (BIAM), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (NAEM), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (NATA), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (BARD) ও পল্লী উন্নয়ন একাডেমী (RDA)।



## রিও কনভেনশন সংক্রান্ত কার্যক্রমে তরুণদের সম্পৃক্তকরণ: জাতীয় পরিবেশ অলিম্পিয়াড ২০১৭

ঢাকা বিশ্ববিদ্যালয় ও রিও প্রকল্প যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবস ২০১৭ পালন করে। রিও কনভেনশনসমূহ ও পরিবেশ সংক্রান্ত সমসাময়িক বিষয় সম্পর্কে তরুণ প্রজন্মের ধারণা ও জ্ঞান সমৃদ্ধ করতে এই কার্যক্রম গ্রহণ করা হয়। এই দিবস উদযাপনের অংশ হিসেবে আয়োজিত ৬ষ্ঠ জাতীয় পরিবেশ অলিম্পিয়াড-এ ছাত্র-ছাত্রীসহ প্রায় ১৫০০ তরুণ প্রজন্মের প্রতিনিধি বিভিন্ন সৃজনশীল কার্যক্রমে অংশগ্রহণ করে। উক্ত অনুষ্ঠানে উল্লেখযোগ্য কার্যক্রম ছিল পোস্টার প্রদর্শনী, জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুকরণ রোধ সংক্রান্ত চিত্র প্রতিযোগিতা।



## গণমাধ্যম সাথে জ্ঞান বিনিময় ও পরামর্শ

গণমাধ্যম কর্মীদের নিয়ে রিও কনভেনশনসমূহের বাস্তবায়নে করণীয় বিষয়ে আলোচনা কর্মশালার আয়োজন করা হয় । কর্মশালায় স্বনামধন্য গণমাধ্যমের ১০০ জন সাংবাদিক, সংবাদদাতা এবং যোগাযোগ বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন । দি ডেইলি ষ্টার, দৈনিক সমকাল, দৈনিক প্রথম আলো, বাংলাদেশ পোষ্ট, দি ডেইলি অবজারভার, নিউ এজ, মেট্রোপলিস ইন্‌ক, ঢাকা ট্রিবিউন, চ্যানেল ২৪, দৈনিক কালের কণ্ঠ, দৈনিক বণিক বার্তা, বৈশাখী, জাগো নিউজ ২৪, চ্যানেল আই, ইটিভি, জার্মান নিউজ এজেন্সী, অক্সফাম ইত্যাদি গণমাধ্যমের প্রতিনিধিরা আলোচনায় অংশগ্রহণ করে ।



## রিও কনভেনশন সংশিষ্ট জাতীয় সক্ষমতা বৃদ্ধিতে কারিগরি বিশেষজ্ঞ দল

জাতীয় পর্যায়ে উন্নয়নের মূলধারায় রিও কনভেনশনসমূহ সম্পৃক্তকরণে কারিগরি সহযোগিতা প্রদানের লক্ষ্যে রিও প্রকল্পের আওতায় ২৮ সদস্য বিশিষ্ট কারিগরি বিশেষজ্ঞ দল গঠন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (MoEFCC), পরিবেশ অধিদপ্তর (DoE), বন অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পরিকল্পনা কমিশন, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET), ব্র্যাক, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড ডেভেলপমেন্ট (ICCCAD), আরন্যক ফাউন্ডেশন, সেন্টার ফর নেচারাল রিসোর্স স্টাডিস (CNRS)এবং বাংলাদেশ সেন্টার ফর এডভান্সড ষ্টাডিজ (BCAS)-এর বিশেষজ্ঞদের উক্ত কারিগরি বিশেষজ্ঞ দলে অন্তর্ভুক্ত করা হয়েছে।



## হাকলুকি হাওরে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুময়তা রোধ কনভেনশনসমূহের বাস্তবায়ন

জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, মরুময়তা এবং ভূমিক্ষয় রোধ কনভেনশনসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ) হাকালুকি হাওরে পাইলটিং কার্যক্রম গ্রহণ করা হয়। সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার যুধিষ্ঠিরপুর গ্রামে রিও কনভেনশনসমূহের পাইলটিং কার্যক্রম বাস্তবায়িত হয়। জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমণ, ভূমিক্ষয় রোধে উক্ত কার্যক্রমের আওতায় হাকালুকি হাওর ও সংলগ্ন এলাকায় নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়ঃ

- ৫,০০০ চারা উৎপাদনক্ষম একটি নার্সারী প্রতিষ্ঠা।
- পাইলট প্রকল্পভুক্ত এলাকায় হিজল, করচসহ অন্যান্য বৃক্ষের ৫,০০০ চারা রোপন।
- ৫টি বাড়ীতে সৌর বিদ্যুৎ পদ্ধতি বিতরণ।
- গ্রাম সংরক্ষণ দল (VCG)-এর সদস্যদের মাঝে ৮টি গরু, ৫০টি ভেড়া এবং ৮০০টি মুরগী বিতরণ।
- ২০ x ২০ ফুট আয়তনের জৈবসার উৎপাদনের ট্যাংক স্থাপন।
- ড্রাগন ফল উৎপাদনে আগ্রহ বৃদ্ধির লক্ষ্যে পাহাড়ী ঢালে ৩ একর বিশিষ্ট জমিতে প্রদর্শনী প্লট স্থাপন।
- গ্রাম সংরক্ষণ দলের ২০০ সদস্যকে ইকোটুরিজ্যম, নার্সারী ব্যবস্থাপনা, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ৭০০টি পরিবারকে প্রতিবেশ-বান্ধব জীবিকা সম্পর্কে সংবেদনশনশীল করা।
- ৩,০০০ হাওরবাসিকে সমাজভিত্তিক অভিযোজন সম্পর্কে সচেতন করা।



জুন ২০১৯

www.rio.doe.gov.bd

facebook /rio.conventions.project

youtube/channel/RioProject